বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.১২৪.০৫.৪৬

তারিখ: ২৬ পৌষ ১৪২৯
১০ জানুয়ারি ২০২৩

বিষয়: **জনাব মোঃ মাহবুব আলম, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০১/২০২৩) রুজুকরণ।**

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোঃ মাহবুব আলম, প্রশাসনিক কর্মকর্তা গত ১১/০৯/২০২২ তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির অনুমোদন গ্রহণ করে নিজ বাড়িতে যান কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে কাজে যোগদান করেননি;

২.০ যেহেতু, আপনি অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ২২/১১/২০২২ তারিখ আপনার ব্যাখ্যা তলব করা হয় এবং ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়;

৩.০ যেহেতু, ১৭ (সতের) কার্যদিবস অতিক্রান্ত হলেও আপনার নিকট হতে কোন জবাব না পাওয়ায় ১৮/১২/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয় এবং ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলেও আপনি কোন জবাব দাখিল করেননি;

৪.০ যেহেতু, আপনার স্থায়ী ঠিকানায় ও আপনার ব্যক্তিগত WhatsApp নম্বরে পত্র প্রেরণ করা হয় এবং আপনি WhatsApp নম্বরে প্রেরিত পত্র দেখেছেন, কিন্তু কোন জবাব দাখিল করেননি;

৫.০ যেহেতু, আপনি গত ১১/০৯/২০২২ তারিখ হতে আজ অবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে; এবং

৬.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৭.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদন্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫৩(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১০-১-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন)

জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক), প্রশাসনিক কর্মকর্তা, পদায়ন: যশোর বিমানবন্দর, যশোর। সংযুক্তি: সেমসু, সিএএবি, কুর্মিটোলা ঢাকা (মাধ্যম: নির্বাহী পরিচালক)। স্থায়ী ঠিকানা: গ্রাম-কাশীপুর, ডাক: গোপালনগর, থানা: ফরিদপুর, জেলা: পাবনা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.১২৪.০৫.৪৬/১(১০)

তারিখ: ২৬ পৌষ ১৪২৯
১০ জানুয়ারি ২০২৩

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১) নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

২) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৪) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫) পরিচালক (প্রকিউরমেন্ট,স্টোরস ও সাপ্লাই), সরবরাহ (সেমসু) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।

৬) পরিচালক(মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), প্রশাসন (সদর দপ্তর) অধিশাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৭) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮) বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর।

৯) সহকারী পরিচালক(সিএনএস) (অতিরিক্ত দায়িত্ব), যোগাযোগ (সেমসু) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।

১০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন-৩ (সদর দপ্তর) শাখা , বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



১০-১-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা

**<u>অভিযোগ বিবরণী</u>**

জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক), প্রশাসনিক কর্মকর্তা সেমসু-তে সংযুক্তিকৃত গত ১১/০৯/২০২২ তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটিতে নিজ বাড়িতে যান এবং ছুটি ভোগ শেষে কাজে যোগদান করেননি। অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ২২/১১/২০২২ তারিখ তার নিকট ব্যাখ্যা তলব করে তার স্থায়ী ঠিকানা ও WhatsApp নাম্বারে পত্র প্রেরণ করা হয় এবং পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়। ১৭ (সতের) কার্যদিবস অতিক্রান্ত হলেও তার নিকট হতে জবাব পাওয়া যায় নি। পরবর্তীতে ১৮/১২/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয় এবং ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়। তিনি ব্যক্তিগত WhatsApp নাম্বারে পত্র দেখেছেন, কিন্তু কোন জবাব দাখিল করেননি। অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর বিগত ১৮/০৯/২০২২ তারিখ হতে তিনি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে;

২.০ জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক), প্রশাসনিক কর্মকর্তা-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।